182. Pc. 933.2.

আচার্য্য শ্রীরবীন্দ্রনাথ ঠাকুরের অভিভাষণ

_

বিশ্ববিদ্যালয়ের রূপ

কলিকাতা বিশ্ববিচ্ঠালয় ১৯৩৩ 182. Pc. 933.2.

আচার্য্য **শ্রীরবীন্দ্রনাথ ঠাকুরের** অভিভাষন

বিশ্ববিদ্যালয়ের রূপ



কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৯৩৩



মূল্য আট আনা

PRINTED BY BHUPENDRALAL BANERJEE
AT THE CALCUITA UNIVERSITY PRESS, SENATE HOUSE,
CALCUITA.

Reg. No. 261R-January, 1983-A.

বিশ্ববিদ্যালয়

অপরিচিত আসনে অনভ্যস্ত কর্ত্তব্যে ক**লিকাতা** বিশ্ববিভালয় আমাকে আহ্বান করেচেন। তার প্রত্যুত্তরে আমি আমার সাদর অভিবাদন জানাই।

এই উপলক্ষ্যে নিজের ন্যুনতা প্রকাশ হয়তো শোভন রীতি। কিন্তু প্রথার এই অলক্ষারগুলি বস্তুত্ত শোভন নয় এবং তা নিজ্ফল। কর্ত্তব্যক্ষেত্রে প্রবেশ করার উপক্রমেই আগে থাকতে ক্ষমা প্রার্থনা করে রাখলে সাধারণের মন অমুকূল হতে পারে এই ব্যর্থ আশার ছলনায় মনকে ভোলাতে চাইনে। ক্ষমা প্রার্থনা করলেই অযোগ্যভার ক্রটি সংশোধন হয় না, তাতে কেবল ক্রটি স্বীকার করাই হয়। যাঁরা অকরণ, তাঁরা সেটাকে বিনয় বলে গ্রহণ করেন না, আত্মানি বলেই গণ্য করেন।

্যে কর্ম্মে আমাকে আমন্ত্রণ করা হয়েচে সে সম্বন্ধে আমার সম্বল কী আছে তা কারো অগোচর নেই। অতএব ধরে নিতে পারি কর্ম্মটি আমার যে উপযুক্ত, সে বিচার কর্তৃপক্ষদের ধারা পূর্বেই হয়ে গেছে। এই ব্যবস্থার মধ্যে কিছু নৃতনত্ব আছে, তার থেকে
অমুমান করা যায় বিশ্ববিত্যালয়ের মধ্যে সম্প্রতি কোনো
একটি নৃতন সঙ্কল্পের সূচনা হয়েচে। হয়তো মহৎ
তার গুরুত্ব। এই জন্ম স্মুম্পন্টরূপে তাকে উপলব্ধি
করা চাই।

বহুকাল থেকে কোনো একটি বিশেষ পরিচয়ে আমি সাধারণের দৃষ্টির সম্মুখে দিন কাটিয়েচি। আমি সাহিত্যিক, অতএব সাহিত্যিকরূপেই আমাকে এখানে আহ্বান করা হয়েচে এ কথা স্বীকার করতেই হবে। সাহিত্যিকের পদৰী আমার পক্ষে নিরুদ্রেগের বিষয় নয়. বহুদিনের কঠোর অভিজ্ঞতায় সে আমি নিশ্চিত জ্বানি। সাহিত্যিকের সমাদর রুচির উপরে নির্ভর করে, যুক্তি প্রমাণের উপর নয়। এ ভিত্তি কোথাও কাঁচা কোথাও পাকা. কোথাও কুটিল, সর্বত্র এ সমান ভার সয় না। তাই বলি. কবির কীর্ত্তি কীর্ত্তি-স্তম্ভ নয়, সে কীর্ত্তি-তরণী। আবর্ত্তসঙ্কল বহু দীর্ঘ কালস্রোতের সকল পরীক্ষা সকল সঙ্কট উত্তীর্ণ হয়েও যদি তার এগিয়ে চলা বন্ধ না হয়. অস্তত নোঙর করে থাকবার একটা ভদ্র ঘাট যদি সে পায় তবেই সাহিত্যের পাকা খাতায় কোনো একটা বর্গে তার নাম চিহ্নিত হতে পারে। ইতিমধ্যে লোকের মুখে মুখে নানা অমুকূল প্রতিকূল বাতাসেব আঘাত খেতে খেতে তাকে ঢেউ কাটিয়ে চলতে হবে। মহাকালের বিচার-দরবারে চূড়ান্ত শুনানির লগ্ন ঘণ্টায় ঘণ্টায় ঘটে না, বৈতরণীর পরপারে তাঁর বিচার-সভা।

বিশ্ববিভালয়ে বিধানের আসন চিরপ্রসিদ্ধ। সেই
পাণ্ডিভ্যের গোরবগন্তীর পদে সহসা সাহিত্যিককে
বসানো হোলো। স্কুতরাং এই রীতিবিপর্যায় অত্যন্ত
বেশী করে চোথে পড়বার বিষয় হয়েচে। এ রকম
বহু তীক্ষদৃষ্টিসঙ্কল কুশাস্কুরিত পথে সহজ্ঞে চলাফেরা
করা আমার চেয়ে অনেক শক্ত মামুষের পক্ষেও হঃসাধ্য।
আমি যদি পণ্ডিত হতুম তবে নানা লোকের সম্মতি
অসম্মতির হন্দ্ব সত্ত্বেও পথের বাধা কঠোর হোত না।
কিন্তু স্বভাবতই এবং অভ্যাসবশ্বতই আমার চলন
অব্যবসায়ীর চালে; বাহির থেকে আমি এসেচি
আগন্তুক, এই জন্ম প্রভাব প্রত্যাশা করতে আমার
ভরসা হয় না।

অথচ আমাকে নির্বাচন করার মধ্যেই আমার সম্বন্ধে একটি অভয়পত্রী প্রচন্ধ আছে সেই আখাসের আভাস পূর্বেই দিয়েচি। নিঃসন্দেহ আমি এখানে চলে এসেচি কোনো একটি ঋতু পরিবর্ত্তনের মুখে। পুরাতনের সঙ্গে আমার অসঙ্গতি থাকতে পারে, কিন্তু নৃতন বিধানের নবোভম হয়তো আমাকে তার আমুচর্য্যে গ্রহণ করতে অপ্রসন্ধ হবে না।

বিশ্ববিভালয়ের কর্ম্মক্লেত্রে প্রথম পদার্পণ কালে এই

কথাটির আলোচনা করে অশ্যের কাছে না হোক অস্তত্ত নিজ্ঞের কাছে, বিষয়টিকে স্পাফী করে তোলার প্রয়োজন আছে। অতএব আমাকে জড়িত করে যে ব্রতটির উপক্রম হোলো তার ভূমিকা এখানে স্থির করে নিই।

এদেশে আমাদের বিশ্ববিভালয়ের একটি বিশেষ আকার প্রকার ক্রমশ পরিণত হয়ে উঠেচে। ভারতবর্ষের আধুনিক ইতিছাসেই তার মূল নিহিত। এই উপলক্ষ্যে তার বিস্তারিত বিচার অসম্পত হবে না। বাল্যকাল হতে যাঁরা এই বিভালয়ের নিকট-সংস্রবে আছেন তাঁরা আপন অভ্যাস ও মমন্থের বেফনী থেকে ছাড়িয়ে নিয়ে এ'কে বৃহৎ কালের পরিপ্রেক্ষণিকায় দেখতে হয়তো কিছু বাধা পেতে পারেন। সামীপ্যের এবং অভ্যাসের সম্বন্ধ না থাকাতে আমার পক্ষে সেই ব্যক্তিগত বাধা নেই; অতএব আমার অসংসক্ত মনে এর স্বন্ধপ কীরকম প্রতিভাত হচ্চে সেটা সকলের পক্ষে স্বীকার করবার যোগ্য না হলেও বিচার করবার যোগ্য।

বলা বাহুল্য মুরোপীয় ভাষায় যাকে মুনিভর্সিটি বলে প্রধানত তার উত্তব মুরোপে। অর্থাৎ মুনিভর্সিটির যেন চেহারার সঙ্গে আমাদের আধুনিক পরিচয় এবং
যার সঙ্গে আধুনিক শিক্ষিত সমাজের ব্যবহার, সেটা
সমূলে ও শাখাপ্রশাখায় বিলিতি। আমাদের দেশের
অনেক ফলের গাছকে আমরা বিলিতি বিশেষণ দিয়ে
থাকি, কিন্তু দিশি গাছের সঙ্গে তাদের কুলগত প্রভেদ
থাকলেও প্রকৃতিগত ভেদ নেই। আজ পর্য্যন্ত আমাদের
বিশ্ববিদ্যালয় সন্থন্ধে সে কথা সম্পূর্ণ বলা চলবে না।
তার নামকরণ, তার রূপকরণ এদেশের সঙ্গে সঙ্গত
নয়, এদেশের আবহাওয়ায় তার স্বভাবীকরণও ঘটেনি।

অথচ এই য়ুনিভর্সিটির প্রথম প্রতিরূপ একদিন ভারতবর্ষেই দেখা দিয়েছিল। নালন্দা, বিক্রমশীলা, তক্ষণীলার বিদ্যায়তন কবে প্রতিষ্ঠিত হয়েছিল তার নিশ্চিত কাল নির্ণয় এখনো হয়নি, কিন্তু ধরে নেওয়া যেতে পারে যে, যুরোপীয় য়ুনিভর্সিটির পূর্ব্বেই তাদের আবির্ভাব। তাদের উদ্ভব ভারতীয় চিত্তের আন্তরিক প্রেরণায়, স্বভাবের অনিবার্য্য আবেগে। তার পূর্ববর্ষী কালে বিদ্যার সাধনা ও শিক্ষা বিচিত্র আকারে ও বিবিধ প্রণালীতে দেশে নানা স্থানে ব্যাপ্ত হয়েছিল এ কথা স্থনিশ্চিত। সমাজের সেই সর্বত্ত-পরিকীর্ণ সাধনাই পুঞ্জীভূত কেন্দ্রীভূতরূপে এক সময়ে স্থানে স্থানে দেখা দিল।

এর থেকে মনে পড়ে ভারতবর্ষে বেদব্যাসের যুগ,

মহাভারতের কাল। দেশে যে-বিদ্যা, যে-মননধারা, যে-ইতিহাসকথা দূরে দূরে বিক্ষিপ্ত ছিল, এমন কি, দিগন্তের কাছে বিলীনপ্রায় হয়ে এসেচে, এক সময়ে তাকে সংগ্রহ করা তাকে সংহত করার নিরতিশয় আগ্রহ জেগেছিল সমস্ত দেশের মনে। নিজের চিৎ-প্রকর্ষের যুগব্যাপী ঐশ্বর্যাকে স্থান্সফরপে নিজের গোচর করতে না পারলে তা ক্রমণ অনাদরে অপরিচয়ে জীর্ণ হয়ে বিলুপ্ত হয়। কোনো এক কালে এই আশকায় দেশ সচেতন হয়ে উঠেছিল; দেশ একাস্ত ইচ্ছা করেছিল আপন সূত্রচ্ছিন্ন রত্নগুলিকে উদ্ধার করতে, সংগ্রহ করতে, তাকে সূত্রবন্ধ করে সমগ্র করতে, এবং তাকে সর্ব্ব-লোকের ও সর্বকালের ব্যবহারে উৎসর্গ করতে। দেশ আপন বিরাট চিন্ময়ী প্রকৃতিকে প্রভাক্ষরূপে সমাজে স্থিরপ্রতিষ্ঠ করতে উৎস্থক হয়ে উঠল। আবদ্ধ ছিল বিশেষ বিশেষ পণ্ডিতের অধিকারে, তাকেই অনবচ্ছিম্মরূপে সর্ববসাধারণের আয়ত্তগোচর এই এক আশ্চর্য্য অধ্যবসায়। এর মধ্যে একটি প্রবল চেফা, অক্লান্ত সাধনা, একটি সমগ্র দৃষ্টি ছিল। এই উদ্যোগের মহিমাকে শক্তিমতী প্রতিভা আপন লক্ষ্যীভূত করেছিল তার স্পষ্ট প্রমাণ পাওয়া যায় মহাভারত নামটিতেই। মহাভারতের মহৎ সমুজ্জ্লরূপ যাঁরা ধ্যানে দেখেছিলেন মহাভারত নামকরণ তাঁদেরই কৃত। সেই

রূপটি একই কালে ভৌমগুলিক রূপ এবং মানস রূপ। ভারতবর্ষের মনকে দেখেছিলেন তাঁরা মনে। সেই বিশ্বদৃষ্টির প্রবল আনন্দে তাঁরা ভারতবর্ষে চিরকালের শিক্ষার প্রশস্তভূমি পত্তন করে দিলেন। সে শিক্ষা রাজনীতিতে সমাজনীতিতে বহুব্যাপক। তারপর থেকে ভারতবর্ষ আপন নিষ্ঠুর ইতিহাসের হাতে আঘাতের পর আঘাত পেয়েচে. তার মর্ম্মগ্রন্থি বারম্বার বিশ্লিষ্ট হয়ে গেছে, দৈশু এবং অপমানে সে জর্জ্জর, কিন্তু ইতিহাস-বিশৃত সেই যুগের সেই কীর্ত্তি এতকাল লোকশিক্ষার অবাধ জলসেক-প্রণালীকে নানা ধারায় পূর্ণ ও সচল করে রেখেচে। গ্রামে গ্রামে ঘরে ঘরে তার প্রভাব আজও বিরাজমান। সেই মূল প্রস্রবণ থেকে এই শিক্ষার ধারা যদি নিরস্তর প্রবাহিত না হোড, তাহলে হুঃথে দারিন্ত্র্যে অসম্মানে দেশ বর্ববরতার অন্ধকৃপে মন্মুয়াত্ব বিসর্জ্জন করত। সেইদিন ভারতবর্ষে যথার্থ আপন সজীব বিশ্ববিদ্যালয়ের স্থপ্তি। তার মধ্যে জীবনীশক্তির বেগ যে কত প্রবল তা স্পষ্টই বুঝতে পারি যখন দেখতে পাই সমুদ্রপারে জাভাদীপে সর্ববসাধারণের সমস্ত জীবন ব্যাপ্ত করে কী একটি কল্ললোকের স্থাষ্ট সে করেচে, এই আর্য্যেতর জ্বাতির চরিত্রে, তার কল্পনায়, তার রূপরচনায় কীরকম সে নিরস্তর সক্রিয়।

জ্ঞানের একটা দিক আছে তা বৈষ্ট্রিক। সে রয়েচে জ্ঞানের বিষয় সংগ্রহ করবার লোভকে অধিকার করে, সে উত্তেজিত করে পাণ্ডিত্যের অভিমানকে। এই ক্বপণের ভাণ্ডারের অভিমুখে কোনো মহৎ প্রেরণা উৎসাহ পায় না। ভারতে এই যে মহাভারতীয় বিশ্বদ্যালয়যুগের উল্লেখ করলেম, সেই যুগের মধ্যে তপস্থা ছিল, তার কারণ ভাণ্ডারপূরণ তার লক্ষ্য ছিল না, তার উদ্দেশ্য ছিল সর্বজনীন চিত্তের উদ্দীপন, উরোধন, চারিত্রস্থি। পরিপূর্ণ মমুম্বাত্মের যে আদর্শ জ্ঞানে কর্ম্মে হৃদয়ভাবে ভারতের মনে উন্তাসিত হয়েছিল, এই উদ্যোগ তাকেই সঞ্চারিত করতে চেয়েছিল চিরদিনের জন্ম সর্ববসাধারণের জ্বীবনের মধ্যে, তার আর্থিক ও পারমার্থিক সক্ষাতির দিকে, কেবলমাত্র তার বৃদ্ধিতে নয়।

নালন্দা বিক্রমশীলার বিভায়তন সম্বন্ধেও এই কথা খাটে। সে যুগে যে বিভার মহৎমূল্য দেশের লোক গভীরভাবে উপলব্ধি করেছিল, তাকে সমগ্র সম্পূর্ণতায় কেন্দ্রীভূত করে সর্ববজনীন জ্ঞানসত্র রচনা করবার ইচ্ছা স্বতই ভারতবর্ষের মনে সমূত্রত হয়েছিল সন্দেহ নেই। জগবান বৃদ্ধ একদিন যে-ধর্ম্ম প্রচার করেছিলেন, সে-ধর্ম্ম তার নানা তত্ত্ব, নানা অমুশাসন, তার সাধনার নানা প্রণালী নিয়ে সাধারণচিত্তের আন্তর্জোম স্তরে প্রবেশ করে ব্যাপ্ত হয়েছিল। তথন দেশ প্রবলভাবে কামনা করেছিল

এই বহুশাখায়িত পরিব্যাপ্ত ধারাকে কোনো কোনো স্থনির্দ্ধিট কেন্দ্রস্থলে উৎসরূপে উৎসারিত করে দিতে, সর্ববসাধারণের স্নানের জন্ম, পানের জন্ম, কল্যাণের জন্ম।

এই ইচ্ছাটি যে কীরকম সত্য ছিল, কীরকম উদার, কীরকম বেগবান ছিল, তার প্রমাণ পাওয়া যায় এই অমুষ্ঠানের মধ্যেই, এর অকৃপণ ঐশর্যো। চৈনিক পরিব্রাজক হিউয়েন সাঙ বিস্ময়োচ্ছ্যাসিত ভাষায় এই বিছা-নিকেতনের বর্ণনা করেচেন। তাঁর লেখনীচিত্রে দেখতে পাই. এর অলঙ্করণ-রেখায়িত শুক্তিবক্তস্তম্ভাণী, এর অভ্রভেদী হর্দ্মানিখর, ধৃপস্থগন্ধি মন্দির, ছায়ানিবিড় আম বন, নীলপদ্মে প্রাফুল্ল গভীর সরোবর। তিনটি বড়ো বড়ো বাড়িতে এখানকার গ্রন্থাগার ছিল। তাদের নাম রত্নসাগর, রত্নদধি, রত্নরঞ্জক। রত্নদধি নয়তলা; সেইখানে প্রজ্ঞাপারমিতাসূত্র এবং অন্যান্য শাস্ত্রগ্রন্থ রক্ষিত ছিল। বহু রাজা পরে পরে এই সঙ্গের বিস্তার সাধন করেচেন. চারিদিকে উন্নত চৈত্য উঠেচে, সেই চৈত্যগুলির মধ্যে মধ্যে শিক্ষাভবন, তর্কসভা-গৃহ, প্রত্যেক সরোবরের চারিদিকে বেদী ও মন্দির, স্থানে স্থানে শিক্ষক ও প্রচারকদের জ্বন্থে চারতলা বাসস্থান। এখানকার গৃহনির্ম্মাণে কীরকম স্থত্ন সতর্কতা সেই প্রসঙ্গে ডাক্তার স্পুনার বলেন— व्याधूनिक काल (य-त्रकस्मत्र हैंहे ও गौथूनि প্রচলিত, এখানকার গৃহনির্ম্মাণের উপকরণ ও যোজনাপদ্ধতি তার

চেয়ে অনেক গুণে শ্রেষ্ঠ। ইৎসিঙ বলেন—এই বিভালয়ের প্রয়োজন নির্বাহের জন্ম ছই শতের অধিক গ্রাম উৎসর্গ করা হয়েচে; বহুসহস্র ছাত্র ও অধ্যাপকের জীবিকার উপযুক্ত ভোজ্য প্রভাহ প্রচুর পরিমাণে গ্রামের অধিবাসীরা নিয়মিত জুগিয়ে থাকে।

এই বিভায়তনগুলির মধ্যে, শুধু বিভার সঞ্চয় মাত্র নয়, বিদ্যার গৌরব ছিল প্রতিষ্ঠিত। যে সকল আচার্য্য অধ্যাপক ছিলেন, হিউয়েন সাঙ বলেন তাঁদের যশ বহুদর-ব্যাপী, তাঁদের চরিত্র পবিত্র অনিন্দনীয়। তাঁরা সদ্ধর্মের অমুশাসন অকৃত্রিম শ্রন্ধার সঙ্গে পালন করেন। অর্থাৎ যে-বিছা প্রচারের ভার ছিল তাঁদের পরে, সমস্ত দেশ এবং দুরদেশের ছাত্রেরা তাকে সম্মান করত: সেই সম্মানকে উজ্জ্বল করে রক্ষা করবার দায়িত্ব ছিল তাঁদের পরে, কেবল মেধা ছারা নয়, বহু শ্রুতের ছারা নয়, চরিত্রের ছারা, অস্থলিত কঠোর তপস্থার ঘারা। এটা সম্ভব হতে পেরেছিল, কেননা সমস্ত দেশের শ্রন্ধা এই সাত্ত্বিক আদর্শ তাদের কাছে প্রত্যাশা করেচে। আচার্য্যেরা জানতেন দুর দূর দেশকে জ্ঞান বিতরণের মহৎ ভার তাঁদের পরে; সমুদ্রপর্বত পার হয়ে, প্রাণপণ কঠিন দুঃখ স্বীকার করে বিদেশের ছাত্রেরা আসচে তাঁদের কাছে জ্ঞানপিপাসায়। এইভাবে বিছার পরে সর্ববজনীন শ্রন্ধা থাকলে যাঁরা বিদ্যা বিতরণ করেন আপন যোগ্যতা সম্বন্ধে শৈথিল্য তাঁদের পক্ষে সহজ্ব হয় না। সমস্ত দেশের কলাপ্রতিভাও আপন শ্রন্ধার অর্ঘ্য এখানে পূর্ণ শক্তিতে নিবেদন করেছিল। সেই উপলক্ষ্যে দেশ আপন শিল্পরচনার উৎকর্ষ এই বিদ্যামন্দিরের ভিত্তিতে ভিত্তিতে মিলিভ করেচে, ঘোষণা করেচে, ভারতের কলাবিদ্যা ভারতের বিশ্ববিদ্যাকে প্রণাম করেচে।

একটি কথা এই প্রসঙ্গে মনে রাখা চাই, তখনকার রাজাদের প্রাসাদভবন বা ভোগের স্থান কোনো বিশেষ সমারোহে ইভিহাসের স্মৃতিকে অধিকার-চেক্টা করেছিল তার প্রমাণ পাইনে। এই চেক্টা যে নিন্দনীয় তা বলিনে, কেননা সাধারণত দেশ আপন ঐশ্বর্যুগোরব প্রকাশ করবার উপলক্ষ্য রচনা করে আপন নৃপতিকে বেক্টন করে, সমস্ত প্রজার আত্মসম্মান সেইখানে কলানৈপুণ্যে শোভাপ্রাচুর্য্যে সমৃজ্জ্বল হয়ে ওঠে। যে কারণেই হোক অতীত ভারতবর্ষের সেই চেক্টাকে আমরা আজ দেখতে পাইনে। হয়তো রাজাসনের ধ্রুবছ ছিল না বলেই সেখানে ক্রমাগতই ধ্বংসধ্মকেতুর সম্মার্জ্জনী কাজ করেচে। কিন্তু নালন্দা বিক্রমশীলা প্রভৃতি স্থানে স্মৃতিরক্ষা-চেক্টার বিরাম ছিল না। তার প্রতি দেশের ভক্তি দেশের বেদনা যে কত প্রবল ছিল এই তার একটি প্রমাণ।

আপন সর্বক্রেষ্ঠ বিভার প্রতি সর্ববন্ধনের যে উদার

শ্রদ্ধা প্রভূত ত্যাগন্ধীকারে অকুষ্ঠিত, সেই অকৃত্রিম শ্রদ্ধাই ছিল স্বদেশীয় বিশ্ববিহ্যালয়ের যথার্থ প্রাণাউৎস।

এ কথা সহজেই কল্পনা করা যায় যে, জ্ঞানসাধনার এই সকল বিরাট যজ্ঞভূমিতে মাসুষের মনের সঙ্গে মনের কীরকম অতি বৃহৎ ও নিবিড় সংঘর্ষ চলেছিল, তাতে ধীশক্তির বহিংশিখা কীরকম নিরন্তর প্রোক্তল হয়ে থাকত। ছাপানো টেক্স্ট বুক থেকে নোট দেওয়া নয়, অন্তর থেকে অন্তরে অবিশ্রাম উত্তম সঞ্চার করা। বিছায়, বুদ্ধিতে, জ্ঞানে দেশের যাঁরা স্থীশ্রেষ্ঠ, দূর দূরান্তর থেকে এখানে তাঁরা সন্মিলিত। ছাত্রেরাও তীক্ষবুন্ধি, শ্রহ্মাবান, স্বযোগ্য: দ্বারপণ্ডিতের কাছে কঠিন পরীক্ষা দিয়ে তবে তারা পেয়েচে প্রবেশের অধিকার। হিউয়েন সাঙ লিখেচেন এই পরীক্ষায় দশ জনের মধ্যে অন্তত সাত আট জন বৰ্জ্জিড হোত। অৰ্থাৎ তৎকালীন ম্যাট্টি কুলেশনের যে ছাঁকনি ছিল তাতে মোটা মোটা ফাঁক ছিল না। তার কারণ, সমস্ত পৃথিবীর হয়ে আদর্শকে বিশুদ্ধ ও উন্নত রাখবার দায়িত্ব ছিল জাগরুক। লোকের মনে উদ্বেগ ছিল পাছে অযথা প্রশ্রায়ের ন্বারা বিদ্যার অধঃপতনে দেশের পক্ষে মানসিক আত্মঘাত ঘটে। নানা প্রকৃতির মন এখানে একজায়গায় সমবেত হোত, তারা একজাতীয় নয়, একদেশীয় নয়। এক লক্ষ্য দৃঢ় রেখে এক জীবিকা-ব্যবস্থায়

পরস্পরের অভ্যন্ত ঘনিষ্ঠ ঐক্য লাভ করেছিল। সন্মিলনক্ষেত্রে এই ঐক্যের মূল্য যে কতথানি তাও মনে রাখা চাই। তখন পৃথিবীর আরো নানা স্থানে বড়ো বড়ো সভ্যতার উন্তব হয়েছিল কিন্তু জ্ঞানের তপস্থা উপলক্ষ্যে মানব মনের এমন বিশাল সমবায় আর কোথাও শোনা যায়নি। এর মূল কারণ, বিশ্বজনীন মমুস্থাবের প্রতি স্থগভীর শ্রেদ্ধা, বিভার প্রতি গৌরব-বোধ, চিত্তসম্পদ যাঁরা নিজে পেয়েচেন বা স্থাষ্ট করেচেন সেই পাওয়ার ও স্পষ্টির পরম আনন্দে সেই সম্পদ দেশ-বিদেশের সকলকে দান করবার একাগ্র দায়িত্তান। আজ নিজের প্রতি, মানুষের প্রতি, নিজের সাধনার প্রতি, আলম্ভবিজড়িত অশ্রদ্ধার দিনে বিশেষ করে আমাদের মনে করবার সময় এসেচে, যে, মানব ইতিহাসে সর্ববাত্যে ভারতবর্ষেই জ্ঞানের বিশ্বদানযক্ত উদার দাক্ষিণ্যের সঙ্গে প্রবর্ত্তিত হয়েছিল। বাংলা দেশের পক্ষ থেকে আরো একটি কথা আমাদের মনে রাখবার যোগ্য,— নালন্দায় হিউয়েন সাঙের যিনি গুরু ছিলেন তিনি ছিলেন বাঙালী, তাঁর নাম শীলভদ্র: তিনি বাংলা দেশের কোনো এক স্থানের রাজা ছিলেন, রাজ্য ত্যাগ করে বেরিয়ে আসেন। এই সঙ্গে যাঁরা শিক্ষাদান করতেন তাঁদের সকলের মধ্যে একলা কেবল ইনিই সমস্ত শাস্ত্র সমস্ত সূত্র ব্যাখ্যা করতে পারতেন।

সেকালে বৌদ্ধভারতে সজ্ঞ ছিল নানাস্থানে। সেই সকল সজ্ঞে সাধকেরা শাস্ত্রজ্ঞেরা তত্ত্বজ্ঞানীরা শিশ্তেরা সমবেত হয়ে জ্ঞানের আলোক জালিয়ে রাখতেন, বিহ্যার পুষ্টিসাধন করতেন। নালন্দা বিক্রমশীলা তাদেরই বিশ্বরূপ, তাদেরই স্বাভাবিক পরিণতি।

উপনিষদের কালেও ভারতবর্ষে এইরকম বিছাকেন্দ্রের স্পৃষ্টি হয়েছিল তার কিছু কিছু প্রমাণ পাওয়া যায়। শতপথব্রাহ্মণের অন্তর্গত বৃহদারণ্যক উপনিষদে আছে, আরুণির পুত্র শেতকেছু পাঞ্চালদেশের "পরিষদ"-এ জৈবালি প্রবাহণের কাছে এসেছিলেন। এই স্থানটি আলোচনা করলে বোঝা যায় ঐ পরিষদ ঐ দেশের বড়ো বড়ো জ্ঞানীদের সমবায়ে। এই পরিষদ জয় করতে পারলে বিশেষ প্রতিষ্ঠা লাভ হোত। অনুমান করা যায় যে, সমস্ত পাঞ্চালদেশের মধ্যে উচ্চতম শিক্ষার উদ্দেশে সম্মিলিতভাবে একটা প্রতিষ্ঠান ছিল, বিছার পরীক্ষা দেবার জন্মে সেখানে অন্তত্র থেকে লোক আসত। উপনিষদ কালের বিছা যে স্বভাবতই স্থানে স্থানে শিক্ষা আলোচনা তর্ক বিতর্ক ও জ্ঞানসংগ্রাহের জন্ম আপন আশ্রেয়রণে পরিষদর্যনা করেছিল তা নিশ্চিত অনুমান করা যেতে পারে।

য়ুরোপের ইতিহাসেও সেইরকম ঘটেচে। সেখানে খৃফীধর্ম্মের আরম্ভ কালে পুরাতন ধর্ম্মের সঙ্গে নূতন धर्भ्यत ्वन्य এवः निर्श्वत উৎপीएत्नत वात्र। नवमीक्विक्तत ভক্তির পরীক্ষা চলেছিল। অবশেষে ক্রমে যথন এই ধর্ম সাধারণো স্বীকৃত হোলো তখন সভাবতই পূজার ধারার পাশেপাশেই তুত্তের ধারা প্রবাহিত হোলো। বাঁধ যদি বেঁধে না দেওয়া যায় তবে ব্যক্তিবিশেষের বিশেষ প্রকৃতির প্ররোচনায় ভক্তির বিষয় বিচিত্ররূপ ও বিকৃতরূপ নিতে থাকে। তখন তর্ক অবলম্বন করে বিচারের প্রয়োজন হয়। বিশাস তখন বুদ্ধির সাহায্যে জ্ঞানের সাহায্যে আপন স্বায়ী ও বিশুদ্ধ ভিত্তির সন্ধান করে। তখন তার প্রশ্ন ওঠে, কল্মৈ দেবায় হবিষা বিধেম। ভক্তি তখন কেবলমাত্র পূজার বিষয় না হয়ে বিছার বিষয় হয়ে ওঠে। এইরকম অবস্থায় য়ুরোপের নানাস্থানে আচার্য্য ও ছাত্রদের সজ্ঞ স্থাষ্ট হচ্ছিল। তার, মধ্যে থেকে নির্বিচনের দরকার হোলো। কোথায় শিক্ষা শ্রন্থের কোথায় তা প্রামাণিক, তা স্থির করবার ্রচার নিলে রোমের প্রধান <u>ধর্মসঙ্</u>য, তারি সঙ্গে রাজ্ঞার শাসন ও উৎসাহ।

সকলেই জানেন, সে সময়কার আলোচ্য বিভায় প্রধান স্থান ছিল তর্ক শাস্ত্রের। তথনকার পণ্ডিতেরা জানতেন dialectic সকল বিজ্ঞানের মূলবিজ্ঞান। এর কারণ স্পাইট বোঝা যায়। শাস্ত্রের উপদেশগুলি বাক্যের দারা বন্ধ। সেই সকল আগুবাক্যের অবিসম্বাদিত অর্থে পৌছতে গেলে শান্দিক তর্কের প্রয়োজন হয়। —

য়ুরোপের মধ্যযুগে সেই তর্কের যুক্তিজাল যে কারকম

সূক্ষম ও জটিল হয়ে উঠেছিল তা সকলেরই জানা আছে।

শাস্ত্রজ্ঞানের বিশুদ্ধতার জন্ম এই হ্যায়শাস্ত্র। সমাজরক্ষার
জন্ম আর হুটি বিহ্যার বিশেষ প্রয়োজন, আইন এবং

চিকিৎসা। তখনকার মুরোপীয় বিশ্ববিহ্যালয় এই ক্য়টি

বিদ্যাকেই প্রধানত গ্রহণ করেছিল। নালন্দাতে বিশেষভাবে শিক্ষার বিষয় ছিল হেতুবিহ্যা, চিকিৎসাবিদ্যা,
শন্দবিদ্যা। তার সঙ্গে ছিল তন্ত্র।

ইতিমধ্যে য়ুরোপে মানুষের অন্তর ও বাহিরের পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে সেথানকার য়ুনিভর্সিটিতে মস্ত ছটি মূলগত পরিবর্ত্তন ঘটেচে। ধর্ম্মশান্ত্রের প্রতি সেথানকার মনুষ্যান্তর প্রকাশ্তিক যে-নির্ভর ছিল সেটা ক্রেমে ক্রমে শিথিল হয়ে এল। একদিন সেখানে মানুষের জ্ঞানের ক্ষেত্রের প্রায় সমস্তটা ধর্ম্মশান্ত্রের সম্পূর্ণ অন্তর্গত না হোক, অন্তত শাসনগত ছিল। লড়াই করতে করতে অবশেষে সেই অধিকারের কর্তৃত্বভার তার হাত থেকে স্থালিত হয়েচে। বিজ্ঞানের সঙ্গে যেখানে শান্ত্র-বাক্যের বিরোধ সেখানে শান্ত্র আজ পরাভূত, বিজ্ঞান আজ আপন স্বতন্ত্র বেদীতে একেশ্বররূপে প্রতিষ্ঠিত। ভূগোল ইতিহাস প্রভৃতি মানুষের অন্তান্থ শিক্ষণীয় বিষয় বৈজ্ঞানিক যুক্তিপদ্ধতির অনুগত হয়ে ধর্ম্মশান্ত্রের বন্ধন

থেকৈ মৃক্তি পেয়েচে। বিশ্বের সমস্ত জ্ঞাতব্য ও মন্তব্য বিষয় সম্বন্ধে মামুষের জিজ্ঞাসার প্রবণতা আজ্ঞ বৈজ্ঞানিক। আগুবাক্যের মোহ তার কেটে গেছে।

এই সঙ্গে আর একটা বড়ো পরিবর্ত্তন ঘটেচে ভাষা निरम। একদিন লাটিন ভাষাই ছিল সমস্ত মুরোপের শিক্ষার ভাষা, বিদ্যার আধার। তার স্থবিধা এই ছিল. সকল দেশের ছাত্রই এক পরিবর্ত্তনহীন সাধারণভাষার যোগে শিক্ষালাভ করতে পারত। কিন্তু তার প্রধান ক্ষতি ছিল এই যে, বিদ্যার আলোক পাণ্ডিত্যের ভিত্তিসীমা এড়িয়ে বাইরে অতি অল্পই পৌছত। যখন থেকে য়ুরোপের প্রত্যেক জাতিই আপন আপন ভাষাকে শিক্ষার বাহনরপে স্বীকার করলে, তখন শিক্ষা ব্যাপ্ত হোলো সর্বসাধারণের মধ্যে। তথন বিশ্ববিদ্যালয় সমস্ত দেশের চিত্তের সঙ্গে অন্তরন্সরূপে যুক্ত হোলো। শুনতে কথাটা স্বতোবিরুদ্ধ কিন্তু সেই ভাষাস্বাতন্ত্রের সময় থেকেই সমস্ত যুরোপে বিদ্যার যথার্থ সমবায় সাধন হয়েচে। এই স্বাতন্ত্র্য য়ুরোপের চিৎপ্রকর্ষকে খণ্ডিত না করে আশ্চর্যারূপে সম্মিলিত করেচে। য়ুরোপে এই স্বদেশী ভাষায় বিদ্যার মুক্তির সঙ্গে সঙ্গে তার জ্ঞানের এশগ্য বেডে উঠল, ব্যাপ্ত হোলো সমস্ত প্রজার মধ্যে, যুক্ত হোলো প্রতিবেশী ও দূরবাসীদের জ্ঞানসাধনার সঙ্গে, স্বতন্ত্রক্ষেত্রের সমস্ত শহ্ম সংগৃহীত হোলো যুরোপের সাধারণ ভাগুরে। এখন সেখানে য়ুমিভর্সিটি, বেমন
উদারভাবে সকল দেশের, তেমনি একান্তভার্থে আপন
দেশের। এইটেই হচ্চে মামুষের প্রকৃতির অনুগত।
কারণ মামুষ যদি সত্যভাবে নিজেকে উপলব্ধি না করে
তাহলে সত্যভাবে নিজেকে উৎসর্গ করতে পারে না।
বিশ্বজনীনতার দান্দিণ্য বাস্তব হতে পারে না, সেই সঙ্গে
ব্যক্তিস্বাতন্ত্রের উৎকর্ষ যদি বাস্তব না হয়। এসিয়ার
মধ্যযুগে বৌদ্ধর্মাকে তিবকত চীন মঙ্গোলিয়া গ্রহণ
করেছিল, কিন্তু গ্রহণ করেছিল নিজের ভাষাতেই। এই
জান্তেই সে সকল দেশে সে ধর্ম্ম সর্ববজনের অন্তরের
সামগ্রী হতে পেরেচে, এক একটি সমগ্র জাতিকে
মামুষ করেচে, তাকে মোহাদ্ধকার থেকে উদ্ধার

যুনিভর্সিটির উৎপত্তি সম্বন্ধে বিস্তারিত বর্ণনার প্রয়োজন নেই। আমার বলবার মোট কথাটি এই যে, বিশেষ দেশ বিশেষ জাতি যে-বিভার সম্বন্ধে বিশেষ প্রীতি, গৌরব ও দায়িত্ব অমুভব করেচে তাকেই রক্ষা ও প্রচারের জন্মে স্বভাবতই বিশ্ববিভালয়ের প্রথম স্থাষ্টি। যে ইচ্ছা সকল স্থারির মূলে, সমস্ত দেশের সেই ইচ্ছাশক্তির থেকেই তার উদ্ভব। এই ইচ্ছার মূলে থাকে শক্তির ঐশর্য্য। সেই ঐশর্য্য দাক্ষিণ্য বারা নিজেকে স্বতই প্রকাশ করতে চায়, তাকে নিবারণ করা যায় না।

সমস্ত সভাদেশ আপন বিশ্ববিভালয়ের ক্ষেত্রে জ্ঞানের অবারিত আভিথ্য করে থাকে। যার সম্পদে উদ্বত্ত আছে সেই ডাকে অতিথিকে। গৃহস্থ আপন অতিথি-শালায় বিশ্বকৈ স্বীকার করে। নালন্দায় ভারত আপন জ্ঞানের অন্নসত্র খুলেছিল স্বদেশ-বিদেশের সকল অভ্যাগতের জন্ম। ভারত সেদিন অমুভব করেছিল ভার এমন সম্পদ পর্য্যাপ্ত পরিমাণে আছে, সকল মানুষকে দিতে পারলে তবেই যার চরম সার্থকতা। পাশ্চাত্য মহাদেশের অধিকাংশ দেশেই বিভার এই অতিথিশালা বর্ত্তমান। সেখানে স্বদেশী-বিদেশীর ভেদ নেই. সেখানে জ্ঞানের বিশ্বক্ষেত্রে সব মামুষই পরস্পর আপন। সমান্তের আর আর প্রায় সকল অংশেই ভেদের প্রাচীর প্রতিদিন তুর্লভ্যা হয়ে উঠচে; কেবল মামুষের আৰম্ভণ রইল জ্ঞানের এই মহাতীর্থে। কেননা এইখানে দৈশ্য-স্বীকার, এইখানে কুপণতা ভদ্রজাতির পক্ষে সকলের চেয়ে আত্মলাঘব। সৌভাগ্যবান দেশের প্রান্ধণ এইখানে বিশ্বের দিকে উন্মুক্ত।

আমাদের দেশে য়ুনিভর্সিটির পত্তন হোলো বাহিরের দানের থেকে। সে দানে দাক্ষিণ্য অধিক নেই। তার রাজাসুচিত কৃপণতা থেকে আজ পর্য্যস্ত হুঃখ পাচিচ। ইংরেজের দেশে রাজঘারে যে অতিথিশালা খোলা আছে লগুন য়ুনিভর্সিটিতে, এদেশের দরিত্র পাড়ায় তারি একটা ছোট শাখা স্থাপন হোলো। ভারতীয় বিছা হলে কোনো একটা পদার্থ যে কোথাও আছে এই/বিছালয়ে গোড়াতেই তাকে অস্বীকার করা হয়েচে। এর স্বভাবটা পৃথিবীর সকল য়ুনিভর্সিটির একেবারে বিপরীত। এর দানের বিভাগ অবরুদ্ধ, কেবল গ্রহণের বিভাগ আপন ক্ষুধিত কবল উদ্যাটিত করে আছে। ভাতে গ্রহণের কাঞ্চও ঠিকমতো ঘটে না। কেননা, যেখানে দেওয়ানেওয়ার চলাচল নেই সেখানে পাওয়াটাই থাকে অসম্পূর্ণ।

আধুনিককালে জীবনযাত্রা সকল দিকেই জটিল।
নৃত্তন নৃত্তন নানা সমস্থার, আলোড়নে মানুষের মন সর্ববদাই
উৎকুর। নিয়ত তার নানা প্রশ্নের নানা উত্তর, তার
নাল্লা বেদনার নানা প্রকাশ সমাজে তরক্ষিত, সাহিত্যে
বিচিত্র জন্মীতে আবর্ত্তিত। বিশ্ববিভালয়ে নানা যুগের
ধ্রুব আদর্শগুলি যেমন মনের সামনে বিধৃত, সঞ্চিত, তেমনি
প্রচলিত সাহিত্যে প্রকাশ পাচ্চে প্রবহমান চিত্তের লীলাচাঞ্চল্য। পাশ্চাত্য বিশ্ববিভালয়ে, বাহিরের এই চিত্তমখনের সঙ্গে যোগ বিচ্ছিয় নয়। মানুষের শিক্ষার এই
ছই ধারা সেখানে গঙ্গাযমুনার মতো মেলে। কেননা,
সেখানে সমস্ত দেশের একই চিত্ত তার বিভাকে
নিরবিচ্ছিয়ভাবে স্থিট করে তুলচে, পৃথিবীর স্থিটুকার্য্য
যেমন জলে স্থলে উভয়তই সক্রিয়।

Jup. 4096, dt. 7/9/09
THENELT

TUBLETION

এ সংবাদ বোধ হয় সকলেই জানেন যে, বর্ত্তমান কালের সঙ্গে পদক্ষেপ মিলিয়ে চলবার জন্মে ইংলণ্ডের য়ুনিভর্সিটিগুলিতে সম্প্রতি বিশেষভাবে আধুনিক শিক্ষাবিস্তারের তেইটা প্রবৃত্ত। গত য়ুরোপীয় যুদ্ধের পরে অক্স্ফোর্ডে দর্শন, রাষ্ট্রতব্ব, অর্থনীতির আধুনিক ধারার চর্চা স্বীকার করা হয়েচে। চারিদিকে কী ঘটচে, সমাজ কোন্দিকে চলেচে সেইটে যারা ভালো করে জানতে চায় তাদের সাহায্য করবার জন্মে য়ুনিভর্সিটির এই উল্লোগ। ম্যাঞ্চেইর য়ুনিভর্সিটি আধুনিক অর্থতত্ব এবং আধুনিক ইতিহাসের প্রতি বিশেষভাবে মনোযোগ করচে। বর্ত্তমান কালের চিন্তাদ্বন্দ্ব ও কর্ম্মাংঘাতের দিনে এইরূপে শিক্ষার ফলে ছাত্র ও ছাত্রীরা উপযুক্তভাবে আপন কর্তব্য ও জীবনযাত্রার জন্ম প্রস্তুত হতে পারে।

আমাদের দেশে বিদেশ-থেকে-পাওয়া বিশ্ববিত্যালয়ের সঙ্গে দেশের মনের এ রকম সন্মিলন ঘটতে পারেনি। তা ছাড়া য়ুরোপীয় বিত্যাও এখানে বদ্ধজনের মতো—তার চলৎ-রূপ আমরা দেখতে পাইনে। যে সকল প্রবীণ মত আসন্ন পরিবর্তনের মুখে, আমাদের সন্মুখে তারা স্থির থাকে ধ্রুব সিদ্ধান্তরূপে। সনাতনত্বমুগ্ধ আমাদের মন তাদের ফুল চন্দন দিয়ে পূজা করে থাকে। য়ুরোপীয় বিত্যাকে আমরা স্থাবরভাবে পাই এবং তার থেকে বাক্য চন্দন করে আরত্তি করাকেই আধুনিকরীতির বৈদ্ধ্য বলে

জানি, এই কারণে তার সম্বন্ধে নূতন চিন্তার সাহস্থানাদের থাকে না !()) দেশের জনসাধারণের সমস্ত তুরুহ প্রেম্ম, গুরুতর প্রয়োজন, কঠোর বেদনা; আমাদের বিশ্ববিভালয় থেকে বিচ্ছিন্ন। এখানে দূর্রের বিভাকে আমরা আয়ত্ত করি, জড় পদার্থের মতো বিশ্লেষণের হারা, সমগ্র উপলব্ধির হারা নয়। আমরা ছিঁড়ে ছিঁড়ে বাক্য মুখস্থ করি, এবং সেই টুক্রো-করা মুখস্থবিভার পরীক্ষা দিয়ে নিক্কতি পাই। টেক্স্ট্-বুক্ সংলগ্ন আমাদের মন পরাশিত প্রাণীর মতো নিজের খাত নিজে সংগ্রহ করবার নিজে উত্তাবন করবার শক্তি হারিয়েচে।

ইংরেজি ভাষা আমাদের প্রয়োজনের ভাষা, এই জন্যে
সমস্ত শিক্ষার কেন্দ্রন্থলে এই বিদেশী ভাষার প্রতি
আমাদের লোভ; সে প্রেমিকের প্রীতি নয়, কৃপণের
আাসক্তি। ইংরেজি সাহিত্য পড়ি, প্রধান লক্ষ্য থাকে
ইংরেজি ভাষা আয়ত্ত করা, অর্থাৎ ফুলের কীটের মতো
আমাদের মন, মধুকরের মতো নয়। মুষ্টিভিক্ষায় যে দান
সংগ্রহ করি, ফর্ল ধরে তার পরীক্ষা দিয়ে থাকি। সে
পরীক্ষায় পরিমাণের হিসাব দেওয়া; সেই পরিমাণগত
পরীক্ষার তাগিদে শিক্ষা করতে হয় ওজনদরে। বিভাকে
চিত্তের সম্পদ বলে গ্রহণ করা অনাবশ্যক হয় যদি তাকে
বাহ্যবস্তুরূপে বহন করি। এ রকম বিভার দানেও গৌরব
নেই, গ্রহনেও না। গ্রমন দৈন্তের অবস্থাতেও কথনো

কখনো এমন শিক্ষক মেলে শিক্ষাদান যাঁর স্বভাবসিদ্ধ।
তিনি নিজ্ঞণেই জ্ঞান দান করেন, নিজের অন্তর থেকে
শিক্ষাকে অন্তরের সামগ্রী করেন, তাঁর অন্তপ্রেরণায়
ছাত্রদের মনে মননশক্তির সঞ্চার হয়, বিশ্ববিভালয়ের
বাইরে বিশ্বক্ষেত্রে আপন বিদ্যাকে ফলবান করে কৃতী
ছাত্রেরা তার সভ্যতার প্রমাণ দেয়।

যে বিশ্ববিদ্যালয় সত্য সে এই রকম শিক্ষককে আকর্ষণ করে, শিক্ষার সাহায্যে সেথানে মনোলোকে স্প্রিকার্য্য চলে, এই স্পৃথিই সকল সভ্যতার মূলে। কিন্তু আমাদের বিশ্ববিদ্যালয়ে এমনতরো যথার্থ শিক্ষক না হলেও চলে। হয়তো বা ভালোই চলে। কেননা এখানকার পরীক্ষাপদ্ধতিতে যে-ফলের প্রতি দৃষ্টি সে আহরণ-করা ফল, ফলন-করা ফল নয়। দৈখ্যের নিষ্ঠুর তাগিদে এমনতরো শিক্ষার প্রতি দেশের লোভ আছে কিন্তু ভক্তি নেই। তাই শিক্ষক ও ছাত্রদের উদ্যমকে পরিপূর্ণমাত্রায় সতর্ক করে রাখবার প্রয়োজন হয় না। কেননা দেশের প্রত্যাশা উচ্চ নয়; বাজ্বারদরের হিসাব করে যে পরীক্ষার মার্কা সে চায়, সত্যের নিক্ষে তার মৃল্য অতি সামান্য। এইজন্য দুর্মুল্য বিদ্যাকে সম্পূর্ণ সত্য করে তোলবার মতো শ্রেমা রক্ষা করা এত কঠিন তাই শৈথিল্য তার মজ্জায় প্রবেশ করেচে।

অভাব থেকে বিশ্ববিচ্চালয় প্রতিষ্ঠার দৃষ্টান্ত অম্যত্র

আছে। যেমন জাপানে। জাপান যখন স্পষ্ট বুঝলে যে, আধুনিক য়ুরোপ আজ্ব যে-বিছার প্রভাবে বিশ্ববিজ্বয়ী তাকে আয়ন্ত করতে না পারলে সকল দিকেই পরাভব স্থনিশ্চিত, তখন জাপান প্রাণপণ আকাজ্জার বৈগে আপন সভঃপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে সেই য়ুরোপীয় বিছার পীঠস্থান রচনা করলে। বিদ্যাসাধনায় আধুনিক মানবসমাজে তার লেশমাত্র অগোরব না ঘটে এই তার একান্ত স্পর্দ্ধা। স্থতরাং সমস্ত জাতির শিক্ষাদানকার্য্যে সিদ্ধির আদর্শকে খাটো করে নিজেকে বঞ্চনা করার কথা তার মনেও আসতে পারে না। আমাদের দেশে বিছায় সফলতার কৃত্রিম আদর্শ অনেকটা পরিমাণে পরের হাতে। বিদেশী মানবেরা ন্যুন পরিমাণে কত্যুকু হলে তাঁদের আশু প্রয়োজনের হিসাবে সন্তুষ্ট হন তার একটা ওজন বুঝে নিয়েছিলুম। প্রথম থেকেই প্রধানত এই জন্মই বিছার আন্তরিক আদর্শের প্রতি নিষ্ঠা আমাদের হ্রাস হয়ে এসেচে।

জ্ঞাপানে বিছাকে সত্য করে তোলবার ইচ্ছার প্রমাণ পাওয়া গেল যখন স্বদেশী ভাষাকে সে আপন শিক্ষার ভাষা করতে বিলম্ব করলে না। সর্বজ্ঞানের ভাষার ভিতর দিয়ে বিশ্ববিছালয়কে সর্বজ্ঞানের করে তুললে, শিক্ষিত ও অশিক্ষিতের মধ্যে চিত্ত-প্রসারের পথ অবাধ প্রশস্ত হয়ে উঠল। তাই আজ সেখানে সমস্ত দেশে বৃদ্ধির জ্যোতি অবারিতভাবে দীপ্যমান। আমাদের দেশে মাতৃভাষায় একদা যখন শিক্ষার আসন প্রতিষ্ঠার প্রথম প্রস্তাব ওঠে তথন অধিকাংশ ইংরেজিজানা বিধান আতঙ্কিত হয়ে উঠেছিলেন। সমস্ত দেশের সামান্ত যে-কয়জন লোক ইংরেজি ভাষাটাকে কোনোমতে ব্যবহার করবার স্থযোগ পাচ্চে তাদের ভাগে উক্ত ভাষার অধিকারে পাছে লেশমাত্র কম্তি ঘটে এই ছিল তাঁদের ভয়। হায়রে, দুরিদ্রের আকাজ্কাও দুরিদ্র।

এ কথা মানতে হবে জাপান স্বাধীন দেশ।
সেখানকার লোক বিভার যে মূল্য স্থির করেচে সে মূল্য
পূরো পরিমাণে মিটিয়ে দিতে কুপণতা করেনি। (আর
হতভাগা আমরা পুলিস ও ফোজ বিভাগের ভূরিভোজনের
ভূক্ত-শেষ রাজস্বের উচ্ছিষ্টকণা খুঁটে তারি দামে বিভার
ঠাট কোনোমতে বজায় রাখচি ফাঁকা মাল-মসলায়।)
আমাদের কাঁথার ছিদ্র ঢাকতে হয় ছেঁড়া কাপড়ের তালি
দিয়ে। তাতে গৌরব নেই, কেবল কিছু পরিমাণে
লক্জা নিবারণ ঘটে, লোক-দেখানো মান রক্ষা হয়,
জীর্ণতা সন্তেও আবরণটা থাকে।

এটা সত্য কথা। কিন্তু আক্ষেপ করে যখন কোনোই ফল নেই তখন এর দোহাই দিয়ে নিজের চেষ্টাকে খর্বব করলে চলবে না; তুকান উঠেচে বলেই হাল আরো শক্ত করেই ধরতে হবে। যে বিছাকে এতদিন আমরা বিদেশের নিলামে সন্তায় কেনা ভাঙা বেঞ্চিতে বসিয়ে রেখেচি, তাকে স্বদেশের চিত্তবেদীতে সমাদরে বসাতেই হবে। বিশ্ববিদ্যালয়কে যখন যথার্থভাবে স্বদেশের সম্পদ করে তুলতে পারব তথন সমস্ত দেশের অন্তরের এই দাবী তার কাছে সার্থক হবে—শ্রহ্ময়া দেয়ং—দান করা চাই শ্রহ্মার সঙ্গে। সেই শ্রহ্মার অন্ন প্রাণের সঙ্গে মেলে, প্রাণশক্তিকে জাগিয়ে তোলে।

অনেক দিন থেকে ইংরেজি বিভার খাঁচা স্থাবর-ভাবে আমাদের দেশে রাজবাডির দেউডিতে রক্ষিত ছিল। এর দরজা খুলে দিয়ে দেশের চিত্তশক্তির ব্দশ্য যে নীড় নিৰ্মাণ করতে হবে সব প্রথমে আগুভোষ সে কথা বুঝেছিলেন। প্রবল বলে এই জড়ছকে বিচলিত করবার সাহস তাঁর ছিল। সনাতনপন্থীদের দেশে বিশ্ববিদ্যালয়ের চিরাচরিত প্রথার মধ্যে বাংলাকে স্থান দেবার প্রস্তাব প্রথমে তাঁর মনে উঠেছিল ভীরু এবং লোভীদের নানা তর্কের বিরুদ্ধে। বাংলাভাষা আক্ত সম্পর্ণরূপে শিক্ষার ভাষা হবার মতো পাকা হরে ওঠেনি সে কথা সত্য। কিন্তু আশুতোষ জানতেন, যে, না হবার কারণ তার নিজের শক্তি-দৈন্তের মধ্যে নেই, সে আছে তার অবস্থা-দৈন্তের মধ্যে। তাকে শ্রন্ধা করে সাহস করে শিক্ষার আসন দিলে তবেই সে আপন আসনের উপযুক্ত হয়ে উঠবে। আর তা যদি একাস্তই অসম্ভব বলে গণ্য করি, তবে বিশ্ববিশ্বালয় চিরদিনই বিলেতের আমদানি টবের গাছ হয়ে থাকবে, সে টব মূল্যবান হতে পারে, অলঙ্কত হতে পারে, কিন্তু গাছকে সে চিরদিন পৃথক করে রাখবে ভারতবর্ষের মাটি থেকে বিশ্ববিভালয় দেশের সখের জিনিষ হবে, প্রাণের জিনিষ হবে না।

তা ছাড়া বিশ্ববিদ্যালয়ের অগৌরব ঘোচাবার জ্বন্থে পরীক্ষার শেষ দেউড়ি পার করে দিয়ে আশুতোষ এখানে গবেষণা বিভাগ স্থাপন করেছিলেন। বিভার ফসল শুধু জ্বমানো নয়, বিদ্যার ফসল ফলানোর বিভাগ। লোকের অভাব, অর্থের অভাব, স্বজন-পরজনের প্রতিক্লতা কিছুই তিনি গ্রাহ্ম করেন নি। বিশ্ববিদ্যালয়ের আত্মশ্রদ্ধার প্রবর্তন হয়েচে এইখানেই। তার প্রধান কারণ বিশ্ববিদ্যালয়কে আশুভোষ আপন করে দেখতে পেরেছিলেন, সেই অভিমানেই এই বিদ্যালয়কে তিনি সমস্ত দেশের আপন করে তোলবার ভরসা করতে পারলেন।

দেশের দিকে বিশ্ববিদ্যালয়ের যে মোটা বেড়াটা উঁচু করে তোলা ছিল, তার মধ্যে অবকাশ রচনা করতে তিনি প্রবৃত্ত ছিলেন। সেই প্রবেশ পথ দিয়েই আমার মতো লোকের আজ এইখানে অকুন্তিত মনে উপস্থিত হওয়া সম্ভবপর হয়েচে। আমার মহৎ সৌভাগ্য এই যে, বিশ্ববিদ্যালয়কে স্বদেশী ভাষায় দীক্ষিত করে নেবার পুণ্য অনুষ্ঠানে আমারও কিছু হাত রইল, অন্তত নামটা রয়ে গেল। আমি মনে করি যে, স্বদেশের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের মিলন-সেতুরূপেই আমাকে আহ্বান করা হয়েচে। স্বদেশী ভাষায় চিরজীবন আমি যে সাধনা করে এসেচি সেই সাধনাকে সম্মান দেবার জন্মেই বিশ্ববিদ্যালয় আজ তাঁর সভায় আমাকে আসন দিলেন। তুই কালের সন্ধিন্তলে আমাকে রাখলেন একটি চিক্রের মতো। দেখলেম যথারীতি আমাকে পদবী দেওয়া হয়েচে অধ্যাপক; এ পদবীতে যথেষ্ট সম্মান আছে, কিন্তু আমার পক্ষে এটা অসকত। এর দায়িত্ব আছে, সেও আমার পক্ষে এইণ করা অসম্ভব। সাহিত্যের প্রত্নতন্ব, তার শব্দের উৎপত্তি ও বিল্লিষ্ট উপাদান, অর্থাৎ সাহিত্যের নাড়ীনক্ষত্র আমার অভিজ্ঞতার বহিত্তি। আমি অনুশীলন করেচি তার অথঞ্চ রূপ, তার গতি, তার ভঙ্গী, তার ইন্ধিত।

তখন আমার বয়স সতেরো, ইংরেজি ভাষার জটিল গহনে আলো-আঁধারে কোনোমতে হাৎড়ে চলতে পারি মাত্র। সেই সময়ে লগুন য়ুনিভর্সিটিতে মাস তিনেকের জন্মে সাহিত্যের ক্লাসে ছাত্র ছিলেম। আমাদের অধ্যাপক ছিলেন শুল্রকেশ সোম্যুর্ত্তি হেনরি মর্লি। সাহিত্য তিনি পড়াতেন তার অন্তরতর রসটুকু দেবার জন্মে। সেক্স্পিয়রের কোরায়োলেনস, ট্মাস ব্রাউনের বেরিয়ল আর্ন্ এবং মিলটনের প্যারাডাইস্ রিগেন্ড আমাদের পাঠ্য ছিল। নোট প্রভৃতির সাহায্যে বইগুলি নিজে পড়ে আসতুম তার অর্থগ্রহণের জন্যে। অধ্যাপক ক্লাসে বসে মূর্ত্তিমান নোট বইয়ের কাজ করতেন না। যে কাব্য পড়াতেন তার ছবিটি পাওয়া যেত তাঁর মুখে মুখে, আরুত্তি করে যেতেন অতি সরসভাবে, যেটি শব্দার্থের চেয়ে অনেক বেশি, অনেক গভীর সেটি পাওয়া যেত তাঁর কণ্ঠ থেকে। মাঝে মাঝে দুরুহ জায়গায় দ্রুত বুঝিয়ে যেতেন, পঠন-ধারার ব্যাহাত করতেন না। রচনা শক্তির উৎকর্ষ-সাধন সাহিত্য শিক্ষার আর একটি আমুষঙ্গিক লক্ষ্য। এই দায়িত্বও তাঁর ছিল। (ভাষা শিক্ষা সাহিত্য শিক্ষার কাজ মুখ্যত ভাষাতত্ত্ব দিয়ে নয়, সাহিত্যের প্রত্নতত্ত্ব দিয়ে নয়, রসের পরিচয় দিয়ে ও রচনায় ভাষার ব্যবহার দিয়ে 🖒 যেমন আর্ট শিক্ষার কাজ আর্কিয়লজি আইকনোগ্রাফি দিয়ে নয়, আর্টেরই আন্তরিক রস-স্বরূপের ব্যাখ্যা দিয়ে। সপ্তাতে একদিন তিনি সমগ্রভাবে ছাত্রদের প্রদত্ত রচনার ব্যাখ্যা করতেন. তার পদচ্ছেদ, প্যারাগ্রাফ বিভাগ, শব্দপ্রয়োগের সূক্ষক্রটি বা শোভনতা, সমস্তই তাঁর আলোচ্য ছিল। সাহিত্য ও ভাষার স্বরূপবোধ, তার আঙ্গিকের অর্থাৎ টেক্নিকের পরিচয় ও চর্চ্চাই সাহিত্য শিক্ষার প্রধান উদ্দেশ্য এই কথাটিই তাঁর ক্লাস থেকে জেনেছিলেম।

বয়স যদি পর্য্যবসিভপ্রায় না হোত আর যদি আমার কর্ত্তব্য হোত ক্লাসে সাহিত্যশিক্ষকতা করা তবে এই আদর্শ অমুসারেই কাজ করবার চেন্টা করতুম। সম্ভবত আমার পক্ষে তার পরিণাম শোকাবহ হোত। কর্তৃপক্ষ এবং ছাত্রেরা কেউ দীর্ঘকাল আমাকে সহ্য করতেন না। সেই সম্ভবপর সন্ধট কাটিয়ে এসেচি।

আজ আমার শেষ বয়সে আমার কাছ থেকে কোনো রীতিমতো কর্ম্মপদ্ধতির প্রত্যাশা করা ধর্মবিরুদ্ধ, তাতে প্রত্যবায় আছে। আমার ক্লান্ত জীবনের সায়াহ্নকালে আমাকে বাংলা অধ্যাপকের স্থলভ সংক্রনরূপে চালাতে গেলে তাতে কাজেরও ক্ষতি হবে, আমার পক্ষেও সেটা স্বাস্থ্যকর হবে না। আমি এই জানি যে, আজ কলিকাতা বিশ্ববিদ্যালয়কে বন্ধবাণী-বীণাপাণির মন্দির-ঘারে বরণ করে নেবার ভার আমার পরে। সেই কথা মনে রেখে আমি তাকে অভিনন্দিত করি। এই কামনা করি যে, যখন ধ্ম-মলিন নিশীথপ্রদীপের নির্বাপণের ক্ষণ এল তখন বন্ধদেশের চিত্তাকাশে নব সূর্য্যোদয়ের প্রত্যুষকে যথার্থ স্বদেশীয় বিশ্ববিদ্যালয় যেন ভৈরবরাগে স্বোধণা করে, এবং বাংলার প্রতিভাকে নব নব স্প্তির পথ দিয়ে অক্ষর কীর্ত্তিলাকে উত্তীর্ণ করে দেয়।

